

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী



স্মারক নম্বর

১/কনি-২খখক-III-০৫

তারিখ

০২/০২/২০১৮

প্রেরক : কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

প্রাপক : অধ্যক্ষ
সরকারী আজিজুল হক কলেজ, বগুড়া
ডাক ও জেলা: বগুড়া

বিষয় : ছাড়পত্রের মাধ্যমে ভর্তির ক্ষেত্রে জ্ঞাতব্য।

সূত্র : আপনার আবেদনের তারিখ-৩১/১২/২০১৭ ইং

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ২০১৭-২০১৮ শিক্ষা বর্ষে ভর্তিকৃত ছাত্র/ছাত্রীদের বিপরীতে শুধুমাত্র ছাড়পত্রের মাধ্যমে ভর্তির ক্ষেত্রে আপনার প্রতিষ্ঠান থেকে প্রেরিত আবেদনগুলো বিবেচনা করা হলো। পরবর্তীতে মূল আসন সংখ্যার সঙ্গে কোনক্রমেই এ আসন সংখ্যা সংযুক্ত করা যাবে না। উল্লেখ্য, সুপারিশকৃত আবেদনের সংখ্যা বরাদ্দকৃত আসনের চেয়ে অনেক বেশি হওয়ায় অত্র বোর্ড কর্তৃপক্ষ বিব্রতকর অবস্থায় পড়েছে। ভবিষ্যতে এ ধরনের কর্মকান্ড থেকে বিরত থাকার জন্য আপনাকে অনুরোধ করা হলো।

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী



স্মারক নম্বর ২/কলেজ/২০১৪/৭৩

তারিখ ০২/০১/২০১৮

প্রেরক : কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

প্রাপক : মাননীয় সচিব
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

বিষয় : সুপারিশমালা প্রেরণ প্রসঙ্গে।

সূত্র : প্রধান শিক্ষক, শহীদ দুলাল পাইলট বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ, সুজানগর, পাবনা- এর গত ২২/১০/২০১৭ইং তারিখের আবেদন এবং উপজেলা নির্বাহী অফিসার, সুজানগর, পাবনা-এর গত ২১/১১/২০১৭ইং তারিখের তদন্ত প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মহোদয়ের অবগতির জন্য নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, উল্লিখিত কলেজটির প্রধান শিক্ষকের আবেদন, পরিচালনা কমিটির সিদ্ধান্ত এবং উপজেলা নির্বাহী অফিসারের তদন্ত প্রতিবেদন দৃষ্টে প্রতীয়মান হয় যে, প্রতিষ্ঠানটির কলেজ শাখার সকল কার্যক্রম দীর্ঘদিন যাবত বন্ধ রয়েছে। এমতাবস্থায়, উক্ত প্রতিষ্ঠানটি-তে কলেজ শাখা চালু রাখার প্রয়োজনীয়তা আছে বলে মনে হয় না। বিষয়টি মহোদয়ের সদয় অবগতি ও কার্যকর ব্যবস্থা গ্রহণের নিমিত্তে প্রেরিত হলো।

বি: দ্র: এতদসঙ্গে প্রয়োজনীয় কাগজ পত্রের কপি প্রেরণ করা হলো।

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

০২/০১/১৮

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী



স্মারক নম্বর

তারিখ

প্রেরক : কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

প্রাপক : অধ্যক্ষ
রামচন্দ্রপুর স্কুল অ্যান্ড কলেজ
ডাক-রামচন্দ্রপুর, উপজেলা-সারিয়াকান্দি, জেলা-বগুড়া

বিষয় : গভর্ণিং বডি অনুমোদন প্রসঙ্গে।

সূত্র : অধ্যক্ষের আবেদনের তারিখ-১৪/১২/২০১৭

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ১৬ জুন ২০০৯ তারিখের এস.আর.ও নম্বর-১৫৬/আইন/২০০৯ Intermediate and Secondary Education Ordinance 1961 (E.P.Ord.No.xxx111 of 1961) এর Section 39-এ প্রদত্ত ক্ষমতাবলে সরকারের পূর্বানুমোদনক্রমে, প্রণয়নকৃত প্রবিধানমালা ২০০৯ এর বিধিবিধান মোতাবেক নিম্নলিখিত সদস্যবৃন্দ সমন্বয়ে গঠিত গভর্ণিং বডি এই পত্র ইস্যুর তারিখ হতে ০২ (দুই) বছরের জন্য বহাল থাকবে। উল্লেখ্য প্রবিধান ৩৮ এর লংঘন, বোর্ড বা সরকার কর্তৃক জারীকৃত নির্দেশনা অমান্যকরণ, অদক্ষতা, আর্থিক অনিয়ম, অব্যবস্থাপনা বা অনুরূপ অন্য কোন কারণে বোর্ড কর্তৃপক্ষ গঠিত কমিটি ভেঙ্গে দেবার ক্ষমতা সংরক্ষণ করে।

মো: ফজলুল করিম
অধ্যক্ষ, রামচন্দ্রপুর স্কুল অ্যান্ড কলেজ
মো: মুক্তার হোসেন
মো: শহিদ কবির
মিসেস জেসমিন আকতার
মো: মোস্তাফিজার রহমান
মো: সাহাবুল ইসলাম
মো: জুলফিকার কবির জুয়েল
মো: শাহজাহান আলী
মোছা: কামরুন্নাহার
মো: মীর্জা আলী জাহান
মো: ফজলুল করিম, (নিপু)

সভাপতি (বোর্ড কর্তৃক মনোনীত)
সদস্য সচিব
শিক্ষক সদস্য
শিক্ষক সদস্য
সংরক্ষিত মহিলা শিক্ষক সদস্য
অভিভাবক সদস্য
অভিভাবক সদস্য
অভিভাবক সদস্য
অভিভাবক সদস্য
সংরক্ষিত মহিলা অভিভাবক সদস্য
প্রতিষ্ঠাতা সদস্য
দাতা সদস্য

কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

স্মারক নম্বর

তারিখ

অবগতির জন্য অনুলিপি প্রেরিত হ'ল :

- ১। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা, বাংলাদেশ
- ২। জেলা প্রশাসক, বগুড়া।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, সারিয়াকান্দি, বগুড়া।
- ৪। মো: ফজলুল করিম, সভাপতি
রামচন্দ্রপুর স্কুল অ্যান্ড কলেজ
ডাক-রামচন্দ্রপুর, উপজেলা-সারিয়াকান্দি, জেলা-বগুড়া

কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

e:\cs\rd\b\g_01